# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

# খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা

**সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান— ১০০**

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

**১. আমাদের কাজগুলো আমরা যে শক্তির মাধ্যমে সম্পন্ন করি—**

(ক) নিজের শক্তিতে (খ) ঈশ্বরের শক্তিতে (গ) অন্যের শক্তিতে (ঘ) আত্মার শক্তিতে

**২. ঈশ্বর মানুষের সকল কৃতকর্ম সম্পর্কে অবগত, কারণ তিনি—**

(ক) মানুষের অন্তরে থাকেন (খ) উপর থেকে সবকিছু দেখেন

(গ) দেবদূতগণের মাধ্যমে জানেন (ঘ) যাজকগণের মাধ্যমে জানেন

**৩. যে কারণে পরিবারে একতা প্রয়োজন তা হলো, পরিবারকে—**

(ক) সম্পদশালী করতে (খ) বিখ্যাত করতে

(গ) শিক্ষিত করতে (ঘ) সুখী করতে

**৪. পরস্পরকে মর্যাদা ও গুরুত্ব দিলে সমাজ যে সুফল পাবে তা হলো—**

(ক) শিক্ষার বিস্তার ঘটবে (খ) উন্নয়ন ত্বরান্বিত হবে

(গ) নেতৃত্ব প্রতিষ্ঠা হবে (ঘ) শান্তি প্রতিষ্ঠা হবে

**৫. কায়িন আবেলকে মাঠে নিয়ে হত্যা করল কেন?**

(ক) বাড়িতে সুযোগের অভাব ছিল (খ) বাড়ির লোকজন দেখে ফেলতো

(গ) মাঠে সুযোগ বেশি ছিল (ঘ) অপরাধ গোপন রাখতে

**৬. গোপনেও কোনো মন্দ কাজ করা উচিত নয় কেন?**

(ক) পবিত্র আত্মা অখুশি হবেন বলে (খ) ঈশ্বর সব দেখেন বলে

(গ) যীশু সব দেখেন বলে (ঘ) দেবদূতগণ অখুশি হবেন বলে

**৭. 'দানিয়েল একজন মুখ্য প্রবক্তা, কারণ তাঁর—**

(ক) বাণী প্রচার বেশি (খ) গুরুত্ব বেশি (গ) সম্মান বেশি (ঘ) জ্ঞান বেশি

**৮. প্রবক্তাগণ ঈশ্বরের বাণী নির্ভয়ে প্রচার করতেন, কারণ—**

(ক) ঈশ্বরের প্রতি তাদের আস্থা ছিল (খ) নিজেদের শক্তি প্রদর্শন করতে

(গ) ধর্মের বিস্তার ঘটাতে (ঘ) এটা যীশুর আদেশ

**৯. ঈশ্বরের সাথে যুক্ত থাকার উত্তম উপায়—**

(ক) ধর্মীয় জ্ঞান অর্জন করা (খ) খ্রিস্ট প্রসাদ গ্রহণ করা

(গ) হিংসা পরিহার করা (ঘ) সত্য জীবনযাপন করা

**১০. মানুষের আত্মা পাপের কলুষতা থেকে মুক্তি পেতে চায় যে কারণে—**

(ক) সুখ লাভ (খ) শান্তি লাভ

(গ) খ্যাতি অর্জন (ঘ) পরিশুদ্ধতা অর্জন

**১১. ঈশ্বর মানুষের জন্য ত্রাণকর্তা পাঠানোর প্রতিশ্রুতি দিয়েছিলেন কেন?**

(ক) মানুষের প্রতি ভালোবাসার জন্য (খ) তাঁর ক্ষমতা প্রদর্শনের জন্য

(গ) মানুষকে স্বর্গে নেওয়ার জন্য (ঘ) শয়তানকে দমন করার জন্য

https://teachingbd24.com

১২. কোন ধরনের মানুষ মুক্তিদাতাকে বিশ্বাস করে না?
(ক) যাদের ধর্মীয় জ্ঞানের অভাব (খ) যারা পাপের মধ্যেই নিমজ্জিত
(গ) যারা ধর্মের প্রতি উদাসীন (ঘ) যাদের আত্মা কলুষিত

১৩. যীশুর স্বর্গারোহণের পর মানুষকে ঈশ্বরের বিধানে চলতে সাহায্য করছে–
(ক) সৎ জীবনযাপন (খ) পবিত্র আত্মা (গ) যাজকগণ (ঘ) বাইবেল

১৪. গেৎসিমানী বাগানে যীশুর মর্মপীড়ার কারণ ছিল–
(ক) তার শিষ্য সংখ্যা ছিল অল্প (খ) শিষ্যদের মানবীয় দুর্বলতা
(গ) ঈশ্বর রাগান্বিত হয়েছিলেন (ঘ) বিরোধিতাকারীদের শক্তি-সামর্থ্য

১৫. মন্ডলীর অনুকরণে প্রতিষ্ঠানিক শিক্ষা বঞ্চিত যুবক-যুবতিদের জন্য বিশেষ শিক্ষা প্রয়োজন, এর মূল কারণ–
(ক) আর্থিকভাবে স্বাবলম্বী করার জন্য (খ) শিক্ষিত করে তোলার জন্য
(গ) শিক্ষা বাধ্যতামূলক তাই (ঘ) এটি একটি সেবা কাজ

১৬. নয়েমী বেথলেহেমে ফিরে যাওয়ার সিদ্ধান্ত নিলেন কেন?
(ক) মানসিকভাবে অসুস্থ হয়ে পড়ায় (খ) শারীরিক অবস্থার অবনতি
(গ) দুই সন্তানের মৃত্যুতে দিশেহারা হয়ে (ঘ) বেথলেহেমের প্রতি ভালোবাসা

১৭. পারিবারিক দুঃসময়ে আমাদের কী করা উচিত?
(ক) পিতামাতার উপর ভরসা রাখা (খ) ঈশ্বরের উপর ভরসা রাখা
(গ) যীশুর সাহায্য কামনা করা (ঘ) মন্ডলীর সাহায্য চাওয়া

১৮. খ্রিস্টধর্মে দীক্ষা গ্রহণ করা হয় যে উদ্দেশ্যে–
(ক) শেষ বিচারের প্রস্তুতির জন্য (খ) ভালো ফল লাভের জন্য
(গ) গুরুদের সম্মান করার জন্য (ঘ) রোগী হিসেবে সেবা পাওয়ার জন্য

১৯. সমুদ্রগামী মৎস্যজীবীদের সবসময় রেডিওতে আবহাওয়ার সংবাদ শুনা প্রয়োজন কেন?
(ক) দেশ সম্পর্কে জানতে (খ) আবহাওয়ার পূর্বাভাস পেতে
(গ) তাদের পরিবারের সংবাদ জানতে (ঘ) ঘূর্ণিঝড়ে হতাহতদের সম্পর্কে জানতে

২০. খ্রিস্ট মন্ডলী নানাবিধ সেবামূলক কাজ যে জন্য করেন–
(ক) ঈশ্বরের সন্তুষ্টি লাভ (খ) ধর্ম প্রচারের জন্য
(গ) সুনাম অর্জন হয় (ঘ) অর্থ উপার্জনের জন্য

২১. ঘূর্ণিঝড়ের পর পুকুরের পানিতে গোসল করা উচিত নয়, কারণ–
(ক) পানি বেড়ে যায় (খ) পানি দূষিত থাকে
(গ) পানিতে আর্সেনিক বেড়ে যায় (ঘ) পানিতে লবণাক্ততা বেড়ে যায়

২২. সর্বত্র ন্যায় ও শান্তি বজায় রাখতে সচেতনতা বৃদ্ধি করা যে ধরনের সেবার অংশ–
(ক) মাদকাসক্তি নিরাময় (খ) মানবাধিকার প্রতিষ্ঠা
(গ) আর্থ-সামাজিক উন্নয়ন (ঘ) যুব সমাজের উন্নয়ন

২৩. নারীর শিক্ষা, নেতৃত্ব ও ক্ষমতায়ন জরুরি কেন?
(ক) নারীর অধিকার প্রতিষ্ঠার জন্য (খ) সমাজে শান্তি আনয়নের জন্য
(গ) মন্ডলীর উদ্দেশ্য বাস্তবায়নের জন্য (ঘ) ঈশ্বরের নির্দেশ পালনের জন্য

২৪. বিপদে-আপদে আমরা প্রতিবেশীর সাহায্যে এগিয়ে যাব কেন?
(ক) প্রতিবেশী উপকার করে তাই (খ) মানুষে-মানুষে ভেদাভেদ নাই
(গ) এটা প্রতিবেশীর প্রতি কর্তব্য (ঘ) তারা নিকটতম ব্যক্তি বলে

https://teachingbd24.com

**২৫. ঈশ্বর যার ভিত্তিতে শেষদিনে আমাদের বিচার করবেন—**
(ক) সত্যনিষ্ঠা (খ) কৃতকর্ম (গ) ধর্মীয় বিশ্বাস (ঘ) ধর্মীয় জ্ঞান

**২৬. সবার সামনে কেউ ভুল কাজ করলে তুমি কী করবে?**
(ক) কিছু বলবে না (খ) সবার সামনে সমালোচনা করবে
(গ) ভুল ধরিয়ে দেবে (ঘ) একান্তে ভুল ধরিয়ে দেবে

**২৭. শ্রেণিতে তুমি কীভাবে পরস্পরকে মর্যাদা দেবে?**
(ক) ভালো ছাত্রদের সাথে সুন্দর ব্যবহার করবে
(খ) দুর্বল ছাত্রদের সাথে সুন্দর ব্যবহার করবে
(গ) শিক্ষকদের সাথে সুন্দর ব্যবহার করবে
(ঘ) সকলের সাথে সুন্দর ব্যবহার করবে

**২৮. তোমার সহপাঠীর সাথে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচনে হেরে গেলে তুমি কী করবে?**
(ক) ঈর্ষা করবে (খ) এড়িয়ে চলবে (গ) সহায়তা করবে (ঘ) কথা বন্ধ রাখবে

**২৯. তোমার বন্ধু জেমস দৌড় প্রতিযোগিতায় তোমাকে পেছনে ফেলে প্রথম স্থান লাভ করলে তুমি কী করবে?**
(ক) মন খারাপ করবে (খ) ঈর্ষাবোধ করবে
(গ) অভিনন্দন জানাবে (ঘ) এড়িয়ে চলবে

**৩০. বাবা অথবা মা অসুস্থ হলে তুমি কী করবে?**
(ক) পরিচর্যার জন্য লোক রাখবে (খ) নিজে সেবা-যত্ন করবে
(গ) আত্মীয়স্বজনদের খবর দেবে (ঘ) বন্ধুদের ডেকে আনবে

**৩১. কেউ অনিচ্ছাকৃতভাবে তোমার সাথে ভুল আচরণ করলো। এর সংশোধনে তুমি তাকে—**
(ক) উপদেশ দেবে (খ) কিছু বলবে না
(গ) ক্ষমা করে দেবে (ঘ) বিরক্তি প্রকাশ করবে

**৩২. তোমার জীবন ও মনের ইতিবাচক পরিবর্তন করতে চাও। এক্ষেত্রে তুমি কী করবে?**
(ক) উপাসনালয়ে অবস্থান করবে (খ) যীশুকে মুক্তিদাতারূপে গ্রহণ করবে
(গ) প্রবক্তাদের ভূমিকা পালন করবে (ঘ) প্রেরণকাজে অংশগ্রহণ করবে

**৩৩. তোমার বন্ধু যাতে পথভ্রষ্ট না হয় সেজন্য তুমি কী করবে?**
(ক) একাকী থাকতে বলবে (খ) অসৎ সঙ্গ ত্যাগ করতে বলবে
(গ) পবিত্র জীবনযাপন করতে বলবে (ঘ) উপাসনালয়ে বেশি সময় কাটাতে বলবে

**৩৪. তুমি ক্লাসে প্রথম হয়েছ, তাই তোমার একজন সহপাঠী তোমার সাথে কথা বলে না, এখন কী করবে?**
(ক) নিজে কথা বলার জন্য এগিয়ে যাবে (খ) পড়াশুনায় মনোযোগী হতে বলবে
(গ) তুমিও কথা বলবে না (ঘ) শিক্ষককে জানাবে

**৩৫. সুখি হওয়ার প্রধান শর্ত হলো পবিত্র আত্মার অনুপ্রেরণায় চলা। কারণ, পবিত্র আত্মা—**
(ক) সর্বদা মানুষের সঙ্গে থাকে (খ) পাপের পথ থেকে বিরত রাখে
(গ) ঈশ্বরের প্রার্থনায় মগ্ন করে (ঘ) আদি পাপ থেকে মুক্তি দেয়

**৩৬. বাবা তোমার বোনের অমতে তার বিয়ে দিতে যাচ্ছে, এক্ষেত্রে তুমি যা করবে—**
(ক) আনন্দ-উৎসবে মেতে উঠবে (খ) দাওয়াতপত্র বিলি করবে
(গ) বাবাকে তার মতামত নিতে বলবে (ঘ) বয়স্ক অভিভাবকদের জানাবে

Teachingbd24.com

৩৭. নেলসেন ম্যান্ডেলার জীবনাদর্শ অনুসরণে তুমি নিচের কোন কাজটি প্রাধান্য দেবে?
(ক) বিরোধ মীমাংসা করবে (খ) অন্যায়ের বিরুদ্ধে সংগ্রাম করবে
(গ) সময় মেনে চলবে (ঘ) সংগঠন প্রতিষ্ঠা করবে

৩৮. বড় হয়ে তুমি একজন চিকিৎসক হলে মানবতার সেবা হিসেবে তোমার এলাকায় তুমি কী করবে—
(ক) বিত্তবানদের চিকিৎসা দেবে (খ) ফি-এর বিনিময়ে চিকিৎসা দেবে
(গ) গরিবদের বিনামূল্যে চিকিৎসা দেবে (ঘ) নিজ আত্মীয়দের চিকিৎসা দেবে

৩৯. বৃক্ষরোপণ সপ্তাহ চলাকালে তুমি কোন কাজটিকে গুরুত্ব দেবে?
(ক) গাছের যত্ন নেবে (খ) গাছ লাগাবে
(গ) র‍্যালিতে অংশ নেবে (ঘ) বৃক্ষমেলায় যাবে

৪০. বিপথগামী বন্ধুকে ভালো পথে আনতে তুমি কী করতে পার?
(ক) পুলিশের সহায়তা নেবে (খ) শিক্ষকের সহায়তা নেবে
(গ) তার সাথে যোগদান করবে (ঘ) তাকে কাজের পরিণতি অবগত করা

৪১. ঈশ্বর একই সময়ে কত জায়গায় থাকতে পারেন?
(ক) এক জায়গায় (খ) তিন জায়গায় (গ) পাঁচ জায়গায় (ঘ) সব জায়গায়

৪২. দেশকে স্বাধীন করার জন্য মহাত্মা গান্ধী কী করেছিলেন?
(ক) সংগ্রাম (খ) যুদ্ধ (গ) হিংসা (ঘ) মারামারি

৪৩. কায়িনের পেশা কী ছিল?
(ক) জমি চাষের (খ) মেষপালনের (গ) শিক্ষকতার (ঘ) পশুপালনের

৪৪. কে মানুষের মন পরিবর্তনের অনুপ্রেরণা দেন?
(ক) রাজা (খ) প্রজা (গ) প্রবক্তা (ঘ) সেনাপতি

৪৫. অতিরিক্ত ধনসম্পদের লোভ থাকলে কী হয়?
(ক) পরিবেশ নষ্ট হয় (খ) আমরা অন্যায় কাজ করি
(গ) মানুষের সাথে দূরত্ব বাড়ে (ঘ) ঈশ্বরের সাথে দূরত্ব বাড়ে

৪৬. কে যীশুকে ক্রুশ থেকে নামিয়েছিলেন?
(ক) পিতর (খ) মাগদালার মারীয়া
(গ) আরিমাথিয়ার যোসেফ (ঘ) যাকোব

৪৭. সেবা কাজের ফলে কী হয়?
(ক) মণ্ডলী জীবন্ত থাকে (খ) ভক্তজন সেবা পায়
(গ) দেশের উন্নতি হয় (ঘ) যীশু খুশি হয়

৪৮. মৃত্যুর পর সব মানুষকেই কীসের জন্য যীশুর সামনে হাজির হতে হবে?
(ক) পুরস্কার পাবার জন্য (খ) বিচারের জন্য
(গ) ক্ষমা পাবার জন্য (ঘ) অনুতপ্ত হবার জন্য

৪৯. ঘূর্ণিঝড় সাধারণত দেশের কোন অঞ্চলে ঘটে?
(ক) পূর্বাঞ্চলে (খ) পশ্চিমাঞ্চলে (গ) দক্ষিণাঞ্চলে (ঘ) উত্তরাঞ্চলে

৫০. সেন্ট ভিনসেন্ট হাসপাতালটি বাংলাদেশের কোথায় অবস্থিত?
(ক) ঢাকা (খ) দিনাজপুর (গ) রাজশাহী (ঘ) চট্টগ্রাম

২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ : ১ × ১৫=১৫

(ক) মন পবিত্র রাখতে তুমি কী করবে?

Teachingbd24.com

(খ) কায়িন ভবঘুরে হয়েছিলেন কেন?
(গ) আমরা কেন দশ আজ্ঞা মেনে চলবো?
(ঘ) যীশু সকল মানুষের মুক্তিদাতা কেন?
(ঙ) রুথ তার শাশুড়িকে কেন ছেড়ে গেলেন না, তার একটি কারণ লেখ।
(চ) দুর্যোগ কবলিত মানুষের সেবায় এগিয়ে আসবে কেন তা এক বাক্যে লেখ।
(ছ) সহপাঠীকে মর্যাদা ও গুরুত্ব দিতে তোমার একটি করণীয় লেখ।
(জ) অন্যের সম্পদ আত্মসাৎ করা থেকে বিরত থাকতে তুমি করবে এমন একটি কাজের উল্লেখ কর।
(ঝ) কোনো কাজে কৃতকার্য হতে হলে তুমি কী করবে?
(ঞ) দুর্ঘটনায় আহত বন্ধুর জন্য তুমি কী করবে?
(ট) 'আমি আছি' একথার মাধ্যমে ঈশ্বর কী বলতে চান?
(ঠ) কায়িন ও আবেল কে ছিলেন?
(ড) সততা বলতে কী বোঝ?
(ঢ) রুথ কোন দেশের নারী ছিলেন?
(ণ) ম্যান্ডেলা কত খ্রিস্টাব্দে নোবেল শান্তি পুরস্কার পান?

**৩। (ক) থেকে (জ) পর্যন্ত প্রশ্নগুলো হতে যেকোনো ছয়টি এবং (ঝ) ও (ঞ) থেকে যেকোনো একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭= ৩৫

(ক) ঈশ্বর সবকিছু সৃষ্টি করেছেন কেন? ঈশ্বরের এমন একটি কাজের নাম লেখ যাতে তার শ্রেষ্ঠত্বের প্রমাণ রয়েছে। ঈশ্বরের প্রতি শ্রদ্ধাশীল হতে তোমার তিনটি করণীয় লেখ। ১+১+৩=৫
(খ) পিতা, পুত্র ও পবিত্র আত্মা মিলে কী হয়? সুখী পরিবার একতা থাকে কেন তার একটি কারণ লেখ। দেশের শান্তি ও একতা প্রতিষ্ঠায় তুমি করবে এমন তিনটি কাজের উল্লেখ কর। ১+১+৩=৫
(গ) 'চল, মাঠে একটু বেড়িয়ে আসি' একথা কে বলেছিল? কায়িনের মনোভাব একবাক্যে লেখ। কায়িন ও আবেলের মনোভাবের তিনটি পার্থক্য লেখ। ১+১+৩=৫
(ঘ) মানুষের সাথে ভালোবাসা, শান্তি ও বন্ধুত্ব স্থাপনের দুটি উপায় লেখ। অন্যের সম্পদের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার জন্য তোমার করণীয় সম্পর্কে তিনটি বাক্য লেখ। ২+৩=৫
(ঙ) রুথের স্বামী কিলিয়ন কোন দেশের নাগরিক ছিলেন? রুথ বোয়াজকে বিয়ে করলেন কেন? ঈশ্বরের প্রতি বিশ্বাসে অটল থাকার তিনটি উপায় লেখ। ১+১+৩=৫
(চ) নেলসন ম্যান্ডেলার সংগ্রামী জীবনের সপক্ষে দুটি যুক্তি দেখাও। একজন আদর্শ নেতার কোন তিনটি গুণ নিজের জীবনে মেনে চলতে পার উল্লেখ কর। ১+১+৩=৫
(ছ) ঘূর্ণিঝড়ের পূর্বে গ্যাস ও বিদ্যুতের লাইন কেন বন্ধ করা উচিত দুইটি কারণ লেখ। দুর্যোগ পরবর্তী সময়ে তুমি কীভাবে বিশুদ্ধ পানির ব্যবস্থা করবে তার তিনটি উপায় লেখ। ১+১+৩=৫
(জ) মানবাধিকার কী? মানবাধিকার লঙ্ঘিত হলে কী হয় তা একবাক্যে লেখ। মানবাধিকার চর্চা করতে পার এমন তিনটি বাক্য লেখ। ১+১+৩=৫
(ঝ) ঈশ্বরের সান্নিধ্যে থাকার পাঁচটি উপায় লেখ। ৫
(ঞ) শেষ বিচারের জন্য কী কী উপায়ে প্রস্তুতি নিতে পার তা পাঁচটি বাক্যে লেখ। ৫

Teachingbd24.com